# BCS প্রিলি. লেকচার শিট বাংলাদেশ বিষয়াবলি

লেকচার ০৮

## Lecture Contents

❑ বাংলাদেশের সরকার ব্যবস্থা-১

## বাংলাদেশের সরকার ব্যবস্থা

রাষ্ট্রের উপাদান হলো চারটি। যথাঃ জনসংখ্যা, নির্দিষ্ট ভূখণ্ড, সরকার এবং সার্বভৌমত্ব। এই চার উপাদানের মধ্যে সরকার ব্যবস্থা রাষ্ট্রের যন্ত্রস্বরূপ। সরকারের মাধ্যমে রাষ্ট্র তার সকল কাজ সম্পন্ন করে। 'সরকার' রাষ্ট্রের মূল চালিকা শক্তি। রাষ্ট্রের মুখপাত্র হলেন সরকার। সাধারণভাবে সরকার ব্যবস্থা বলতে আমরা বুঝি আইন পরিষদ, রাজনৈতিক দল, মন্ত্রিপরিষদ, শাসনকর্তা, আদালত ও পুলিশ।

⇒ **রাষ্ট্রের তিনটি অঙ্গ:**

১. আইনসভা
২. শাসন বা নির্বাহী বিভাগ ও
৩. বিচার বিভাগ।

**রাষ্ট্র**

- *১. আইন বিভাগ/ জাতীয় সংসদ (স্পিকারের অধীন)*
- *২. নির্বাহী বিভাগ/ শাসন বিভাগ (প্রধানমন্ত্রীর অধীন)*
- *৩. বিচার বিভাগ (প্রধান বিচারপতির অধীন)*

⇒ মহামান্য রাষ্ট্রপতি উপর্যুক্ত তিন বিভাগের সাংবিধানিক প্রধান

### আইন, শাসন ও বিচার বিভাগসমূহ

⇒ **শপথ পড়ানো সংক্রান্ত তথ্য :**

| ব্যক্তি | যাদের শপথ পড়ান |
|---|---|
| রাষ্ট্রপতি | (১) প্রধানমন্ত্রী ও অন্যান্য মন্ত্রিবর্গ<br>(২) স্পিকার ও ডেপুটি স্পিকার<br>(৩) প্রধান বিচারপতি |
| স্পিকার | জাতীয় সংসদের সদস্য ও রাষ্ট্রপতিকে |
| প্রধান বিচারপতি | (১) প্রধান নির্বাচন কমিশনার ও অন্যান্য কমিশনার<br>(২) মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক<br>(৩) বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান এবং অন্যান্য সদস্য |
| প্রধানমন্ত্রী | সিটি কর্পোরেশনের মেয়র, উপজেলা চেয়ারম্যান |

## ১ আইন বিভাগ

### ■ বাংলাদেশের আইন বিভাগ *(The Legislature)*

বাংলাদেশের সংবিধানের পঞ্চম ভাগে আইন বিভাগের কথা বলা হয়েছে। আইন প্রণয়ন করাই আইন পরিষদের অন্যতম কাজ। আইন প্রণয়ন ছাড়াও আইন পরিষদ কোন কোন ক্ষেত্রে শাসন বিভাগের উপর নিয়ন্ত্রণ করা, সংবিধান সংশোধন সংক্রান্ত কাজ, অর্থ সংক্রান্ত কাজ, বিচার সংক্রান্ত কাজ, নির্বাচন সংক্রান্ত কাজ, প্রতিরক্ষা সংক্রান্ত ইত্যাদি কার্য সম্পাদন করে থাকে। বাংলাদেশের আইন বিভাগ বা আইন পরিষদের নাম জাতীয় সংসদ *(House of the Nation)*।

### ■ জাতীয় সংসদ

বাংলাদেশের সংবিধানের পঞ্চম ভাগের ১ম পরিচ্ছেদের ৬৫ (১) নং অনুচ্ছেদে বলা হয়েছে যে, 'জাতীয় সংসদ' নামে বাংলাদেশের একটি সংসদ থাকিবে এবং এই সংবিধানের বিধানাবলী সাপেক্ষে প্রজাতন্ত্রের আইন প্রণয়ন ক্ষমতা সংসদের উপর ন্যস্ত হইবে।

⇒ **প্রতীক:** বাংলাদেশের জাতীয় সংসদের প্রতীক শাপলা ফুল।

### ■ জাতীয় সংসদের আসন বিন্যাস

বাংলাদেশ ৩০০টি একক নির্বাচনী এলাকায় বিভক্ত। জাতীয় সংসদের ১ নং আসন পঞ্চগড় জেলায় এবং ৩০০ নং আসন বান্দরবান জেলায় অবস্থিত। ঢাকা জেলায় জাতীয় সংসদের সবচেয়ে বেশি (২০টি) আসন রয়েছে। ঢাকা সিটি কর্পোরেশন এলাকায় জাতীয় সংসদের ১৫টি আসন রয়েছে। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে ৮টি এবং ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে ৭টি। সবচেয়ে কম জাতীয় সংসদের আসন রয়েছে রাঙামাটি (১টি), খাগড়াছড়ি (১টি) এবং বান্দরবান (১টি) জেলায়।

### ■ জাতীয় সংসদ সংশ্লিষ্ট ব্যক্তি

⇒ **সংসদ নেতা:** সংসদ নেতা বলতে সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যদের আস্থাভাজন নেতাকে বোঝায়।

⇒ **বিরোধী দলীয় নেতা:** সর্বোচ্চ সংখ্যক সদস্য বিশিষ্ট বিরোধী দল এবং বিরোধী দলগুলোর সকল সদস্যের আস্থাভাজন ব্যক্তি বিরোধীদলীয় নেতা হয়ে থাকেন। বিরোধীদলীয় নেতা একজন পূর্ণ মন্ত্রীর মর্যাদা এবং সুযোগ সুবিধা ভোগ করেন।

⇒ **চীফ হুইপ:** সরকারি এবং বিরোধী উভয় দলেই একজন করে চীফ হুইপ থাকেন। তাদের কাজ সহায়তা করার জন্য আরও কয়েকজন হুইপ থাকেন। নিজ নিজ দলের সংসদ সদস্যদের নিজ দলের পদে যোগ দিতে উদ্বুদ্ধ করা, দলিলাদি ও কাগজপত্র সরবরাহ করাই তার অন্যতম কাজ।

## সংসদে নির্বাচিত হবার যোগ্যতা ও অযোগ্যতা

**বাংলাদেশ সংবিধানে 'সংসদে নির্বাচিত হবার যোগ্যতা ও অযোগ্যতা' বিষয়টি উল্লেখ আছে– ৬৬ অনুচ্ছেদে**

(i) **যোগ্যতা:** জাতীয় সংসদে নির্বাচিত হতে হলে কোনো ব্যক্তিকে নিম্নোক্ত যোগ্যতার অধিকারী হতে হবে:

১. বাংলাদেশের নাগরিক হতে হবে;
২. অন্যূন ২৫ বছর বয়স্ক হতে হবে;
৩. তাঁর নাম সংসদ নির্বাচনে ভোটার তালিকাভুক্ত হতে হবে।

(ii) **অযোগ্যতা:** কোনো ব্যক্তি সংসদের সদস্য নির্বাচিত হবার এবং সংসদ সদস্য থাকার যোগ্য হবেন না; যদি তিনি-

ক. কোনো উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ বলে ঘোষিত হন;
খ. দেউলিয়া ঘোষিত হবার পর দায় হতে অব্যাহতি লাভ না করে থাকেন;
গ. কোনো বিদেশি রাষ্ট্রের নাগরিকত্ব অর্জন করেন কিংবা কোনো বিদেশি রাষ্ট্রের প্রতি আনুগত্য ঘোষণা বা স্বীকার করেন;
ঘ. নৈতিক স্খলনজনিত কোনো ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হয়ে অন্যূন দুই বছরের কারাদণ্ডে দণ্ডিত হন এবং মুক্তিলাভের পাঁচ বছরকাল অতিবাহিত না হয়ে থাকে;
ঙ. ১৯৭২ সালের বাংলাদেশ যোগসাজশকারী (বিশেষ ট্রাইব্যুনাল) আদেশের অধীনে যে কোনো অপরাধের জন্য দণ্ডিত হয়ে থাকেন;
চ. আইনের দ্বারা পদাধিকারীকে অযোগ্য করছে না এমন পদ ব্যতীত তিনি প্রজাতন্ত্রের কর্মে কোনো ঘোষিত লাভজনক পদে অধিষ্ঠিত থাকেন; অথবা,
ছ. কোনো আইনের দ্বারা বা অধীন অনুরূপ নির্বাচনের জন্য অযোগ্য ঘোষিত হন।

■ **সংসদ সদস্য পদের আসন শূন্য হওয়ার কারণ:** সংবিধানের ৬৭ অনুচ্ছেদ অনুযায়ী কোনো সংসদ সদস্যের আসন শূন্য হবে; যদি-

১. ক. তাঁর নির্বাচনের পর সংসদের প্রথম বৈঠকের তারিখ হতে নব্বই দিনের মধ্যে তিনি তৃতীয় তফসিলে নির্ধারিত শপথ গ্রহণ বা ঘোষণা করতে ও শপথপত্রে বা ঘোষণাপত্রে স্বাক্ষর দান করতে অসমর্থ হন;
খ. সংসদের অনুমতি না নিয়ে তিনি একাদিক্রমে নব্বই বৈঠক দিবস অনুপস্থিত থাকেন;
গ. সংসদ ভেঙে যায়;
ঘ. তিনি নির্বাচিত হবার পর এ সংবিধানের ৬৬ অনুচ্ছেদের (২) দফার অধীনে অযোগ্য ঘোষিত হন; অথবা
ঙ. কোনো রাজনৈতিক দলের প্রার্থীরূপে মনোনীত হয়ে কোনো ব্যক্তি কোনো নির্বাচনে সংসদ সদস্য- নির্বাচিত হবার পর উক্ত দল হতে পদত্যাগ করেন বা বহিষ্কৃত হন।

২. কোনো সংসদ-সদস্য স্পিকারের নিকট স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করতে পারেন।

■ **সংসদের মেয়াদ:** জাতীয় সংসদের কার্যকাল ৫ (পাঁচ) বছর।

■ **কোরাম :** সংবিধানের ৭৫ (২) অনুচ্ছেদ অনুযায়ী কমপক্ষে ৬০ জন সদস্যের উপস্থিতিতে জাতীয় সংসদের কোরাম গঠিত হবে। অর্থাৎ সংসদে ন্যূনতম এক পঞ্চমাংশের অর্থাৎ $\left(৩০০ \times \frac{১}{৫}\right) = ৬০$ জন সংসদ সদস্য উপস্থিত না হলে স্পিকার সংসদ অধিবেশন শুরু করবেন না অথবা সংসদ অধিবেশনরত থাকলে তা স্থগিত করবেন। এটি সংবিধানের ৭৫ নং অনুচ্ছেদে উল্লেখ আছে।

■ **অধিবেশন:** জাতীয় সংসদের সাধারণ নির্বাচনের পর সরকারি বিজ্ঞপ্তি দ্বারা রাষ্ট্রপতি জাতীয় সংসদের অধিবেশন আহ্বান করবেন। এছাড়াও রাষ্ট্রপতি জাতীয় সংসদের অধিবেশন স্থগিত ও ভেঙ্গে দিতে পারবেন। জাতীয় সংসদের অধিবেশনের প্রথম বৈঠকে সংসদ সদস্যদের মধ্যে হতে একজন স্পিকার ও একজন ডেপুটি স্পিকার নির্বাচিত হবেন।

■ **সংসদে উপস্থিতি ও অংশগ্রহণ:** সংবিধানের ৬৭ অনুচ্ছেদ অনুযায়ী কোনো ব্যক্তি সংসদ সদস্য নির্বাচিত হবার পর প্রথম বৈঠকের তারিখ হতে ৯০ দিনের মধ্যে তিনি তৃতীয় তফসিলে নির্বাচিত হিসেবে শপথ গ্রহণ ও স্বাক্ষরদান করবেন, নইলে তাঁর সংসদ সদস্যের আসন শূন্য হবে। কোনো জাতীয় সংসদ সদস্য যদি সংসদের অনুমতি না নিয়ে একাদিক্রমে নব্বই বৈঠক দিবস অনুপস্থিত থাকেন, তাহলে তাঁর আসন শূন্য হবে। অবশ্য জাতীয় সংসদ ভেঙ্গে গেলেও সংসদ সদস্যের আসন শূন্য হবে।

■ **সংসদীয় কমিটি:** জাতীয় সংসদের কাজ সুশৃঙ্খলভাবে সম্পন্ন করার জন্য সংবিধানের ৭৬(১) অনুচ্ছেদে তিন ধরনের স্থায়ী কমিটির কথা বলা হয়েছে। এগুলো হলো- ১. সরকারি হিসাব কমিটি, ২. বিশেষ অধিকার কমিটি, ৩. অন্যান্য স্থায়ী কমিটি। এছাড়াও রয়েছে কার্য উপদেষ্টা কমিটি, বেসরকারি সদস্যদের বিল ও সিদ্ধান্ত প্রস্তাব সম্পর্কিত বাছাই কমিটি, সরকারি প্রতিষ্ঠান সম্পর্কিত কমিটি, লাইব্রেরি কমিটি, সংসদ কমিটি ও বিশেষ কমিটি।

■ **কার্যপ্রণালি বিধি:** বাংলাদেশ জাতীয় সংসদের নিজস্ব কার্যপ্রণালি বিধি রয়েছে। এসব বিধি দ্বারা জাতীয় সংসদের কাজ সুষ্ঠুরূপে পরিচালিত হয়। কীভাবে জাতীয় সংসদ আহ্বান, স্থগিত ও ভেঙ্গে দেয়া যায়, কীভাবে সংসদ সদস্যগণ শপথ গ্রহণ করেন, স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচিত হন, সংসদে প্রশ্ন উত্থাপন পদ্ধতি, সংসদ সদস্যদের পালনীয়, বিধি প্রভৃতি সম্পর্কে কার্যপ্রণালি বিধিতে স্পষ্ট নির্দেশনা থাকে।

■ **জাতীয় সংসদের ভাষা:** বাংলাদেশের জাতীয় সংসদের ভাষা বাংলা। সংসদের কার্যবিবরণীর সরকারি রেকর্ড বাংলা ভাষায় সংরক্ষিত হয়। তবে কোনো সদস্য চাইলে স্পিকার তাঁকে ইংরেজিতে বক্তব্য রাখার অনুমতি প্রদান করতে পারেন।

■ **জাতীয় সংসদ এবং এর সদস্যদের বিশেষ অধিকার ও দায়মুক্তি:**

১. সংসদের কার্যধারার বৈধতা সম্পর্কে কোনো আদালতের প্রশ্ন উত্থাপন করা যাবে না।
২. সংসদের যে সদস্য বা কর্মচারীর উপর সংসদের কার্যপ্রণালি নিয়ন্ত্রণ, কার্য পরিচালনা বা শৃঙ্খলা রক্ষার ক্ষমতা থাকবে, তিনি এ সকল ক্ষমতা প্রয়োগ সম্পর্কিত কোনো ব্যাপারে কোনো আদালতের এখতিয়ারের অধীন হবেন না।
৩. সংসদে বা সংসদের কোনো কমিটিতে কিছু বলা বা ভোট দানের জন্য কোনো সংসদ সদস্যের বিরুদ্ধে কোনো আদালতে কার্যধারা গ্রহণ করা যায় না।
৪. সংসদ কর্তৃক বা সংসদের কর্তৃত্বের কোনো রিপোর্ট, কাগজপত্র, ভোট বা কার্যধারা প্রকাশের জন্য কোনো ব্যক্তির বিরুদ্ধে কোনো আদালতে কার্যধারা গ্রহণ করা যায় না।
৫. এ অনুচ্ছেদ সাপেক্ষে সংসদের আইন দ্বারা সংসদের, সংসদের কমিটিসমূহের এবং সংসদ সদস্যদের বিশেষ অধিকার নির্ধারণ করা যাবে।

## জাতীয় সংসদের স্পিকার, হুইপ, বিরোধী দলীয় নেতা

১. জাতীয় সংসদের স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচন করা হয়→ সংবিধানের ৭৪ (১) অনুচ্ছেদ অনুযায়ী।
২. জাতীয় সংসদের প্রধান নির্বাহী কর্মকর্তা→ স্পিকার।
৩. রাষ্ট্রপতির অনুপস্থিতিতে বা তার অসামর্থ্যের ক্ষেত্রে রাষ্ট্রপতির দায়িত্ব পালন করেন→ স্পিকার।

৪. গণপরিষদের প্রথম স্পিকার →শাহ আবদুল হামিদ।
৫. গণপরিষদের প্রথম ডেপুটি স্পিকার→ মোহাম্মদ উল্লাহ।
৬. গণপরিষদের প্রথম অধিবেশনে সভাপতিত্ব করেন→ মাওলানা আবদুর রশীদ তর্কবাগীশ।
৭. জাতীয় সংসদের প্রথম স্পিকার→ মোহাম্মদ উল্লাহ।
৮. জাতীয় সংসদের প্রথম ডেপুটি স্পিকার→ মো: বায়তুল্লাহ।
৯. জাতীয় সংসদের প্রথম সংসদ নেতা → বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান।
১০. বিরোধী দলীয় নেতা ছিল না→ প্রথম ও ষষ্ঠ জাতীয় সংসদে।
১১. জাতীয় সংসদের প্রথম চিফ হুইপ→ শাহ মোয়াজ্জেম হোসাইন।
১২. জাতীয় সংসদের চিফ হুইপের মর্যাদা→পূর্ণ মন্ত্রীর সমান।
১৩. এ পর্যন্ত জাতীয় সংসদের নারী হুইপ নির্বাচিত হয়েছেন→ ২ জন। (খালেদা খানম, ১৯৯৬ সালে এবং সাগুফতা ইয়াসমিন এমিলি, ২০০৯ সালে)
১৪. জাতীয় সংসদের প্রথম নারী হুইপ → খালেদা খানম (১৯৯৬; সংরক্ষিত নারী আসন থেকে নির্বাচিত সদস্য)।
১৫. জাতীয় সংসদের দ্বিতীয় নারী হুইপ- সাগুফতা ইয়াসমিন এমিলি (সরাসরি নির্বাচিত সংসদ সদস্য হিসেবে প্রথম)।
১৬. জাতীয় সংসদের বর্তমান ও প্রথম নারী স্পিকার → ড. শিরীন শারমিন চৌধুরী।
১৭. জাতীয় সংসদের বর্তমান ডেপুটি স্পিকারের নাম → শামসুল হক (টুকু)।

## ■ বিল:

আইনের খসড়া প্রস্তাবকে বিল বলে। বিল দুই প্রকারের হতে পারে। যথা– সরকারি বিল ও বেসরকারি বিল। সরকারি বিল সংসদে উত্থাপন করেন মন্ত্রী। বেসরকারি বিল যে কোনো সংসদ সদস্য উত্থাপন করেন।

## ■ ওয়াক আউট:

সাধারণত বিরোধী দলের সদস্যরা সরকারি কোনো সিদ্ধান্ত কিংবা স্পিকারের রুলিং-এর প্রতিবাদে সংসদ থেকে বের হয়ে আসেন। সরকারি দলের সদস্যরাও ওয়াকআউট করতে পারেন। সংসদীয় গণতন্ত্রে ওয়াকআউট সদস্যদের অধিকার বলে স্বীকৃত। বাংলাদেশের সংসদে বিরোধী দলের ঘন ঘন ওয়াক আউটের নজির রয়েছে।

## ■ জাতীয় সংসদের গঠন ও অন্যান্য তথ্যসমূহ :

১. জাতীয় সংসদ মোট ৩৫০ জন সদস্য নিয়ে গঠিত।
২. জাতীয় সংসদে জনগণের সরাসরি ভোটে নির্বাচিত আসন ৩০০ টি।
৩. সংসদে নারীদের জন্য সংরক্ষিত আসন ৫০ টি।
৪. ১৯৭৩ সালে সংরক্ষিত নারী আসন ছিল ১৫ টি।
৫. ১৯৭৯ সালে সংরক্ষিত নারী আসন করা হয় ৩০ টি।
৬. ২০০১ সালে সংরক্ষিত নারী আসন করা হয় ৪৫ টি।
৭. ২০১১ সালে সংরক্ষিত নারী আসন করা হয় ৫০ টি।
৮. সংসদের কার্যপ্রণালী নির্বাচন করেন স্পিকার।
৯. সংসদে কাস্টিং ভোট বলা হয়- স্পিকারের ভোটকে।
১০. প্রথম জাতীয় সংসদের সংসদ নেতা ছিলেন -শেখ মুজিবুর রহমান।
১১. সাধারন নির্বাচনের ফলাফল ঘোষনার পর সংসদের অধিবেশন আহবান করতে হয়- ৩০ দিনের মধ্যে। (অনু: ৭২)
১২. মন্ত্রীসভার অভিভাবক- জাতীয় সংসদ।
১৩. জাতীয় সংসদের বেসরকারি দিবস- বৃহস্পতিবার।
১৪. সবচেয়ে বেশি সংসদীয় আসন- ঢাকা জেলায়।
১৫. ঢাকা জেলায় সংসদীয় আসন সংখ্যা-২০ টি।
১৬. ঢাকা মহানগরে সংসদীয় আসন সংখ্যা-১৫ টি।

## ■ জাতীয় সংসদের ক্ষমতা ও কার্যাবলি

জাতীয় সংসদের ক্ষমতা ও কার্যাবলিকে মোট ৩ ভাগে ভাগ করা যায়। যথাঃ

১. আইন প্রণয়ন করা
২. অর্থ সংক্রান্ত ক্ষমতা
৩. শাসন বিভাগের উপর নিয়ন্ত্রণ

এছাড়াও সংসদের সম্মতি ব্যতীত কোন যুদ্ধ ঘোষণা বা কোন যুদ্ধে অংশগ্রহণ করা যায় না। অধিকন্তু, রাষ্ট্রপতির বিরুদ্ধে সংবিধান লঙ্ঘন বা গুরুতর কোন অসদাচরণের অভিযোগ উঠলে সংসদ রাষ্ট্রপতিকে অভিশংসিত করতে পারে।

## ■ বাংলাদেশের সংসদ নির্বাচন

### এক নজরে সংসদ নির্বাচন

| সংসদ নির্বাচন | সময়কাল |
|---|---|
| প্রথম | ৭ মার্চ, ১৯৭৩ |
| দ্বিতীয় | ১৮ ফেব্রুয়ারি, ১৯৭৯ |
| তৃতীয় | ৭ মে, ১৯৮৬ |
| চতুর্থ | ৩ মার্চ, ১৯৮৮ |
| পঞ্চম | ২৭ ফেব্রুয়ারি, ১৯৯১ |
| ষষ্ঠ | ১৫ ফেব্রুয়ারি, ১৯৯৬ |
| সপ্তম | ১২ জুন, ১৯৯৬ |
| অষ্টম | ১ অক্টোবর, ২০০১ |
| নবম | ২৯ ডিসেম্বর, ২০০৮ |
| দশম | ৫ জানুয়ারি, ২০১৪ |
| একাদশ | ৩০ ডিসেম্বর, ২০১৮ |
| দ্বাদশ | ৭ জানুয়ারি, ২০২৪ |

- ছবিসহ ভোটার তালিকা ও আইডি কার্ড প্রথম ব্যবহার করা হয়– নবম জাতীয় সংসদ নির্বাচনে।
- 'না' ভোট যুক্ত হয়– নবম জাতীয় সংসদ নির্বাচনে।

## ■ জাতীয় সংসদের কার্যকাল

| সংসদ | অধিবেশন শুরু | অধিবেশন শেষ | সময়কাল |
|---|---|---|---|
| প্রথম | ৭ এপ্রিল, ১৯৭৩ | ৬ নভেম্বর, ১৯৭৫ | ২ বছর ৬ মাস |
| দ্বিতীয় | ২ এপ্রিল, ১৯৭৯ | ২৪ মার্চ, ১৯৮২ | ২ বছর ১১ মাস |
| তৃতীয় | ১০ এপ্রিল, ১৯৮৬ | ৬ ডিসেম্বর, ১৯৮৭ | ১ বছর ৫ মাস |
| চতুর্থ | ১৫ এপ্রিল, ১৯৮৮ | ৬ ডিসেম্বর, ১৯৯০ | ২ বছর ৭ মাস |
| পঞ্চম | ৫ এপ্রিল, ১৯৯১ | ২৪ নভেম্বর, ১৯৯৫ | ৪ বছর ৮ মাস |
| ষষ্ঠ | ১৯ মার্চ, ১৯৯৬ | ৩০ মার্চ, ১৯৯৬ | ১২ দিন |
| সপ্তম | ১৪ জুলাই, ১৯৯৬ | ১৩ জুলাই, ২০০১ | ৫ বছর |
| অষ্টম | ২৮ অক্টোবর, ২০০১ | ২৭ অক্টোবর, ২০০৬ | ৫ বছর |
| নবম | ২৫ জানুয়ারি, ২০০৯ | ২৪ জানুয়ারি, ২০১৪ | ৫ বছর |
| দশম | ২৯ জানুয়ারি, ২০১৪ | ২৯ জানুয়ারি, ২০১৯ | ৫ বছর |
| একাদশ | ৩০ জানুয়ারি, ২০১৯ | ২২ অক্টোবর, ২০২৩ | ৫ বছর |
| দ্বাদশ | ৩০ জানুয়ারি, ২০২৪ | - | - |

## ■ জাতীয় সংসদ ভবন

ঢাকার শেরে বাংলা নগরে ২১৫ একর জমির উপর ৯ তলা বিশিষ্ট জাতীয় সংসদ ভবন অবস্থিত। ১৯৮২ সালের ২৮ জানুয়ারি তৎকালীন রাষ্ট্রপতি আবদুস সাত্তার এর উদ্বোধন করেন। একই বছরের ১৫ ফেব্রুয়ারি এখানে প্রথম অধিবেশন বসে। সংসদ ভবনের উচ্চতা ১৫৫ ফুট ৮ ইঞ্চি বা ৪৬.৫ মিটার। স্থপতি প্রফেসর লুই আই কান (মার্কিন যুক্তরাষ্ট্র)।



## বাংলাদেশের বিভিন্ন প্রথম নির্বাচন

| | |
|---|---|
| বাংলাদেশের প্রথম নির্বাচন/ প্রথম জাতীয় সংসদ নির্বাচন | ৭ মার্চ, ১৯৭৩ |
| প্রথম রাষ্ট্রপতি নির্বাচন | ৮ এপ্রিল, ১৯৭৩ |
| জনগনের প্রত্যক্ষ ভোটে প্রথম রাষ্ট্রপতি নির্বাচন | ৩ জুন, ১৯৭৮ |
| প্রথম সিটি কর্পোরেশন নির্বাচন | ৩০ জানুয়ারি, ১৯৯৪ |
| প্রথম উপজেলা পরিষদ নির্বাচন | ১৬-২০ মে, ১৯৮৫ |
| প্রথম পৌরসভা নির্বাচন | ৩১ ডিসেম্বর, ১৯৭৩ |
| প্রথম ইউনিয়ন পরিষদ নির্বাচন | ১১-৩০ ডিসেম্বর, ১৯৭৩ |
| প্রথম জেলা পরিষদ নির্বাচন | ২৮ ডিসেম্বর, ২০১৬ |

## বাংলাদেশের গণভোট

| গণভোট | তারিখ | প্রকৃতি | উদ্দেশ্য |
|---|---|---|---|
| প্রথম | ৩০ মে, ১৯৭৭ | প্রশাসনিক | প্রেসিডেন্ট জিয়াউর রহমানের শাসন বৈধকরণ |
| দ্বিতীয় | ২১ মার্চ, ১৯৮৫ | প্রশাসনিক | জেনারেল এরশাদের শাসন যাচাই |
| তৃতীয় | ১৫ সেপ্টেম্বর, ১৯৯১ | সাংবিধানিক | সংবিধানের দ্বাদশ সংশোধনীর আইন প্রস্তাব |

## এক কথায় উত্তর

**১. জাতীয় সংসদের ইংরেজি নাম কী?**
**উত্তর:** House of the Nation।

**২. 'জাতীয় সংসদ ভবন' উদ্বোধন করা হয় কবে?**
**উত্তর:** ২৮ জানুয়ারি, ১৯৮২ ।

**৩. বাংলাদেশ জাতীয় সংসদে জনগণের সরাসরি ভোটে নির্বাচিত আসন কতটি?**
**উত্তর:** ৩০০টি।

**৪. বর্তমানে সংসদের নারীদের জন্য সংরক্ষিত আসন কতটি?**
**উত্তর:** ৫০টি।

**৫. ১৯৭৩ সালে সংরক্ষিত নারী আসন কতটি ছিল?**
**উত্তর:** ১৫টি (মোট আসন ৩১৫টি)।

**৬. ১৯৭৯ সালে সংরক্ষিত নারী কতটি আসন করা হয়?**
**উত্তর:** ৩০টি (মোট আসন ৩৩০টি)।

**৭. ৪৫ টি সংরক্ষিত আসন করা হয় কত সালে?**
**উত্তর:** ২০০১ সালে।

**৮. বাংলাদেশের আইনসভা কত কক্ষ বিশিষ্ট?**
**উত্তর:** এক কক্ষবিশিষ্ট।

**৯. জাতীয় সংসদের সভাপতি কে?**
**উত্তর:** স্পিকার।

**১০. জাতীয় সংসদের অধিবেশন আহ্বান করেন কে?**
**উত্তর:** রাষ্ট্রপতি।

**১১. যে কোনো দেশের সংবিধান রচনা করে কে?**
**উত্তর:** আইনসভা; যে কোন দেশের জাতীয় ফোরাম- আইনসভা।

**১২. যুদ্ধ ঘোষণা করার জন্য রাষ্ট্রের কোন বিভাগের অনুমোদন প্রয়োজন?**
**উত্তর:** আইনসভার।

**১৩. সংসদে কোরামের জন্য কত জন সদস্য প্রয়োজন?**
**উত্তর:** ৬০ জন।

**১৪. সংসদে দুই অধিবেশনের মধ্যকার সর্বোচ্চ বিরতির সময় কত দিন?**
**উত্তর:** ৬০ দিন।

**১৫. একজন সংসদ সদস্য স্পিকারের অনুমতি ছাড়া সংসদের বাইরে থাকতে পারেন না কত দিন?**
**উত্তর:** ৯০ দিনের অধিক।

**১৬. বর্তমান সংসদ কত তম?**
**উত্তর:** দ্বাদশ সংসদ।

**১৭. বর্তমান সংসদের প্রথম অধিবেশন কবে বসে?**
**উত্তর:** ৩০ জানুয়ারি, ২০২৪।

**১৮. ট্রেজারি বেঞ্চ বা ফ্রন্ট বেঞ্চ কোনগুলো?**
**উত্তর:** সংসদ কক্ষের সামনের দিকের আসনগুলো।

**১৯. সংসদে 'কাস্টিং ভোট' বলা হয় কোন ভোটকে?**
**উত্তর:** স্পিকারের ভোটকে।

**২০. প্রথম জাতীয় সংসদের সংসদ নেতা কে ছিলেন?**
**উত্তর:** শেখ মুজিবুর রহমান।

**২১. কোনো মন্ত্রী কর্তৃক উত্থাপিত বিল, বাজেট, সিদ্ধান্ত, প্রস্তাব, সংশোধনী ও অন্যান্য প্রস্তাবকে কী হিসেবে গণ্য করা হয়?**
**উত্তর:** সরকারি বিল হিসেবে।

**২২. আইনের খসড়া বা প্রস্তাবকে কী বলা হয়?**
**উত্তর:** বিল।

**২৩. কোন বিল রাষ্ট্রপতির সুপারিশ ব্যতীত সংসদে উত্থাপন করা যায় না?**
**উত্তর:** অর্থ বিল।

**২৪. কোনো কারণে সংসদ ভেঙ্গে গেলে বা মেয়াদ শেষ হলে জাতীয় সংসদ নির্বাচন দিতে হয় কত দিনের মধ্যে?**
**উত্তর:** ৯০ দিনের মধ্যে।

**২৫. বাংলাদেশের জাতীয় সংসদে এ পর্যন্ত কতজন বিদেশী রাষ্ট্রপ্রধান বক্তৃতা করেন?**
**উত্তর:** ২ জন।

**২৬. যুগোস্লোভিয়ার সাবেক প্রেসিডেন্ট মার্শাল জোসেফ টিটো জাতীয় সংসদে ভাষণ দেন কবে?**
**উত্তর:** ৩১ জানুয়ারি, ১৯৭৪ সালে।

**২৭. ভারতের সাবেক প্রেসিডেন্ট ভি.ভি. গিরি বাংলাদেশের জাতীয় সংসদে ভাষণ দেন কবে?**
**উত্তর:** ১৮ জুন, ১৯৭৪ সালে।

**২৮. জাতীয় সংসদের বেসরকারি দিবস কবে?**
**উত্তর:** বৃহস্পতিবার।

**২৯. সংসদে ফ্লোর ক্রসিং কী?**
**উত্তর:** অন্য দলে যোগদান কিংবা নিজ দলের বিপক্ষে ভোট দান।

**৩০. অধ্যাদেশ কী?**
**উত্তর:** রাষ্ট্রপতি নিজে যে আইন জারি করেন।

**৩১. বেসরকারি বিল কী?**
**উত্তর:** সংসদ সদস্যরা যে বিল সংসদে উত্থাপন করেন।

**৩২. ঢাকা জেলায় সংসদীয় আসন আছে?**
**উত্তর:** ২০টি (পূর্বে ছিল ১৩টি)।

**৩৩. বাংলাদেশে মোট কতটি গণভোট অনুষ্ঠিত হয়?**
**উত্তর:** ৩টি।

**৩৪. বাংলাদেশে প্রথম গণভোট অনুষ্ঠিত হয়?**
**উত্তর:** ৩০ মে, ১৯৭৭।

**৩৫. কার শাসনামলে প্রথম গণভোট অনুষ্ঠিত হয়?**
**উত্তর:** প্রেসিডেন্ট জিয়াউর রহমান।

**৩৬. বাংলাদেশে সর্বশেষ কবে গণভোট অনুষ্ঠিত হয়?**
**উত্তর:** ১৫ সেপ্টেম্বর, ১৯৯১।

**৩৭. বাংলাদেশের ইতিহাসে প্রথম কবে জেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হয়?**
**উত্তর:** ২৮ ডিসেম্বর, ২০১৬।

**৩৮. প্রথম ইউনিয়ন পরিষদ নির্বাচন হয় কত সালে?**
**উত্তর:** ১১-৩০ ডিসেম্বর, ১৯৭৩।

**৩৯. জনগণের প্রত্যক্ষ ভোটে প্রথম রাষ্ট্রপতি নির্বাচিত হয় কবে?**
**উত্তর:** ৩রা জুন, ১৯৭৮।

**৪০. প্রথম জাতীয় সংসদের প্রথম অধিবেশন শুরু হয় কবে?**
**উত্তর:** ৭ এপ্রিল, ১৯৭৩।

**৪১. প্রথম জাতীয় সংসদের মেয়াদ কত দিন ছিলো?**
**উত্তর:** ২ বছর ৬ মাস।

**৪২. ছবিসহ ভোটার তালিকা প্রথম ব্যবহার করা হয় কত তম জাতীয় সংসদ নির্বাচনে?**
**উত্তর:** ৯ম।

**৪৩. "না" ভোট যুক্ত হয় কোন জাতীয় নির্বাচনে?**
**উত্তর:** ৯ম।

**৪৪. জাতীয় সংসদের ক্ষমতা ও কার্যালিকে মোট কত ভাগে ভাগ করা যায়?**
**উত্তর:** ৩ ভাগে।



## Teacher's Work

**১. বাংলাদেশের আইনসভার নাম কী?**
ক) জাতীয় পরিষদ খ) পার্লামেন্ট গ) জাতীয় সংসদ ঘ) গণপরিষদ — গ

**২. বাংলাদেশের সংবিধানের কোন অনুচ্ছেদে জাতীয় সংসদ প্রতিষ্ঠার কথা বলা হয়েছে?**
ক) ৬৫ খ) ৭৮ গ) ৯৬ ঘ) ৬৮ — ক

**৩. 'অর্থ বিল' সম্পর্কিত বিধানাবলি আমাদের সংবিধানের কোন অনুচ্ছেদে উল্লেখ আছে?**
ক) ৮০ (১) খ) ৮১ (১) গ) ৮২ ঘ) ৮৪ (১) — খ

# ২ নির্বাহী/শাসন বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের চতুর্থ ভাগের ৪৮ থেকে ৬৪ নং অনুচ্ছেদে শাসন বিভাগ পরিচালনার মৌলিক আইনসমূহ বর্ণনা করা হয়েছে। নিম্নে তা উল্লেখ করা হলো :

রাষ্ট্রের শাসনকার্য তথা নিত্যদিনকার প্রশাসনিক ও দাপ্তরিক কাজ পরিচালনা, আইন শৃঙ্খলা রক্ষা এবং রাষ্ট্রের সার্বিক সিদ্ধান্ত এবং সুবিধাসমূহ বাস্তবায়ন করে যে বিভাগ তাকে শাসন বিভাগ বলে। বিস্তৃত অর্থে রাষ্ট্রপ্রধান থেকে শুরু করে মন্ত্রিসভা, আমলা, নিরাপত্তা ও আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, কূটনৈতিক, দাপ্তরিক কর্মকর্তা এমনকি গ্রাম্য চৌকিদারসহ সকল প্রশাসনিক কর্মচারীদের নিয়ে শাসন বা নির্বাহী বিভাগ গঠিত। রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও মন্ত্রিপরিষদ নিয়ে শাসন বা নির্বাহী বিভাগ গঠিত।

## ⇒⇒⇒⇒⇒⇒ রাষ্ট্রপতি ⇐⇐⇐⇐⇐⇐

রাষ্ট্রপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপ্রধান। তিনি জাতীয় সংসদের সদস্যগণ কর্তৃক প্রকাশ্য ভোটে নির্বাচিত হন। রাষ্ট্রপতির নামে সরকারের সকল নির্বাহী ব্যবস্থা গৃহীত হয়েছে বলে প্রকাশ করা হয়। রাষ্ট্রপতি হিসেবে তিনি রাষ্ট্রের অন্য সকল পদমর্যাদায় অধিষ্ঠিত ব্যক্তির ঊর্ধ্বে স্থান লাভ করেন ও সর্বোচ্চ পদমর্যাদার অধিকারী হবেন। তিনি সংবিধান ও আইনের দ্বারা তাঁকে প্রদত্ত ও তাঁর উপর অর্পিত সকল ক্ষমতা প্রয়োগ ও কর্তব্য পালন করবেন। পাঁচ বছরের মেয়াদে তিনি এ পদে অধিষ্ঠিত থাকবেন। ব্রিটেনের রাজা বা ভারতের রাষ্ট্রপতির ন্যায় তিনি হলেন শাসনতান্ত্রিক প্রধান।

### ক. রাষ্ট্রপতি পদের যোগ্যতা:

১. বাংলাদেশের নাগরিক হতে হবে।
২. রাষ্ট্রপতি পদপ্রার্থীকে অন্যূন পঁয়ত্রিশ (৩৫) বছর বয়স্ক হতে হবে।
৩. জাতীয় সংসদ সদস্য নির্বাচিত হবার যোগ্য হবেন।
৪. রাষ্ট্রপতি এমন ব্যক্তি হবেন যিনি কখনো এ সংবিধানের অভিশংসন দ্বারা রাষ্ট্রপতি পদ হতে অপসারিত হননি।

### খ. নির্বাচন ও পদের মেয়াদ:

রাষ্ট্রপতি জাতীয় সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যদের ভোটে ৫ বছরের জন্য নির্বাচিত হবেন। তবে শর্ত থাকে যে, রাষ্ট্রপতির পদের মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও তাঁর উত্তরাধিকারী কার্যভার গ্রহণ না করা পর্যন্ত তিনি স্বীয় পদে বহাল থাকবেন। একাদিক্রমে কোনো ব্যক্তি দুই মেয়াদের (৫+৫=১০ বছর) বেশি রাষ্ট্রপতি পদে নির্বাচিত হতে পারবেন না।

### গ. রাষ্ট্রপতির দায়মুক্তি:

রাষ্ট্রপতি দায়মুক্তি সম্পর্কে সংবিধানের ৫১ অনুচ্ছেদে বলা হয়েছে যে,

১. অভিশংসন জনিত বিষয় ছাড়া, রাষ্ট্রপতি তাঁর দায়িত্ব পালন করতে গিয়ে কিংবা অনুরূপ বিবেচনায় কোনো কাজ করে থাকলে বা না করে থাকলে সেজন্য তাঁকে কোনো আদালতে জবাবদিহি করতে হবে না। তবে এ দফা সরকারের বিরুদ্ধে কার্যধারা গ্রহণে কোনো ব্যক্তির অধিকার ক্ষুণ্ণ করবে না।
২. রাষ্ট্রপতি কার্যভারকালে তাঁর বিরুদ্ধে কোনো আদালতে কোনো প্রকার ফৌজদারি কার্যধারা দায়ের করা বা চালু রাখা যাবে না। রাষ্ট্রপতিকে গ্রেপ্তার বা কারাবাসের জন্য কোনো আদালত হতে পরোয়ানা জারি করা যাবে না।

### ঘ. রাষ্ট্রপতির অভিশংসন:

বাংলাদেশ সংবিধান অনুযায়ী ৫ বছর মেয়াদের জন্য নির্বাচিত হলেও নিম্নলিখিত কারণে মেয়াদ উত্তীর্ণ হবার পূর্বেই জাতীয় সংসদ রাষ্ট্রপতিকে অভিশংসনের মাধ্যমে অপসারিত করতে পারবে:

১. সংবিধান লঙ্ঘন বা গুরুতর অসদাচরণের অভিযোগে রাষ্ট্রপতিকে অভিশংসিত করা যাবে। এজন্য সংসদের মোট সদস্যের সংখ্যাগরিষ্ঠ অংশের স্বাক্ষরে অনুরূপ অভিপ্রায় ও অভিযোগের বিবরণ লিপিবদ্ধ করে একটি প্রস্তাবের নোটিশ স্পিকারের নিকট প্রদান করতে হবে। স্পিকারের নিকট অনুরূপ নোটিশ প্রদানের দিন হতে চৌদ্দ দিনের পূর্বে বা ত্রিশ দিনের পর এ প্রস্তাব আলোচিত হতে পারবে না। সংসদ অধিবেশনরত না থাকলে স্পিকার অবিলম্বে সংসদ আহ্বান করবেন।
২. অভিযোগ বিবেচনাকালে রাষ্ট্রপতি স্বয়ং উপস্থিত থাকতে পারবেন কিংবা প্রতিনিধি প্রেরণ করতে পারবেন।
৩. অভিযোগ বিবেচনার পর মোট সদস্য সংখ্যার অন্যূন দুই-তৃতীয়াংশ ভোটে অভিযোগ যথার্থ বলে ঘোষণা করে জাতীয় সংসদ কোনো প্রস্তাব গ্রহণ করলে প্রস্তাব গৃহীত হবার তারিখে রাষ্ট্রপতির পদ শূন্য হবে।



### ঙ. অসামর্থ্যের কারণে রাষ্ট্রপতি অপসারণ:

সংবিধানের অনুচ্ছেদ-৫৩ তে বলা হয়েছে যে, (১) শারীরিক বা মানসিক অসামর্থ্যের কারণে রাষ্ট্রপতিকে তাঁর পদ হতে অপসারিত করা যেতে পারে।

### চ. অনুপস্থিতি প্রভৃতির কালে রাষ্ট্রপতি পদে দায়িত্ব পালন:

সংবিধানের ৫৪ অনুচ্ছেদে বলা হয়েছে যে, রাষ্ট্রপতির পদ শূন্য হলে কিংবা অনুপস্থিতি, অসুস্থতা বা অন্য কোনো কারণে রাষ্ট্রপতি দায়িত্ব পালনে অসমর্থ হলে ক্ষেত্রমত রাষ্ট্রপতি নির্বাচিত না হওয়া পর্যন্ত কিংবা রাষ্ট্রপতি পুনরায় স্বীয় কার্যভার গ্রহণ না করা পর্যন্ত স্পিকার রাষ্ট্রপতির দায়িত্ব পালন করবেন।

### ছ. রাষ্ট্রপতির ক্ষমতা ও কার্যাবলি:

রাষ্ট্রপতির ক্ষমতা ও কার্যাবলি নিম্নরূপ:

**নির্বাহী ক্ষমতা ও কার্যাবলি:** বাংলাদেশের রাষ্ট্রপতি একজন নিয়মতান্ত্রিক প্রধান (Constitutional Head)। বাংলাদেশ সরকারের সকল নির্বাহী কার্যক্রম রাষ্ট্রপতির নামে গৃহীত হবে।

রাষ্ট্রপতি জাতীয় সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যদের আস্থাভাজন ব্যক্তিকে দেশের প্রধানমন্ত্রী এবং প্রধানমন্ত্রীর পরামর্শক্রমে অন্যান্য মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীদেরকে নিয়োগ দান করবেন।

**আইন প্রণয়ন সংক্রান্ত ক্ষমতা ও কার্যাবলি:** রাষ্ট্রপতি সরকারি বিজ্ঞপ্তি দ্বারা জাতীয় সংসদ আহ্বান, স্থগিত ও ভেঙ্গে দিতে পারবেন। তিনি সংসদে ভাষণ দান ও বাণী প্রেরণ করতে পারবেন।

**জরুরি অবস্থা ঘোষণা করার ক্ষমতা:** যুদ্ধ বা বহিরাক্রমণ বা অভ্যন্তরীণ গোলযোগের দ্বারা বাংলাদেশ বা তার অংশবিশেষে জাতীয় নিরাপত্তা বিঘ্নিত হবার উপক্রম হলে বা অর্থনৈতিক জীবনযাত্রা বিঘ্নিত হবার বা সংকটের সম্মুখীন হলে রাষ্ট্রপতি জরুরি অবস্থা ঘোষণা করতে পারবেন। জরুরি অবস্থা ঘোষাণার পূর্বে প্রধানমন্ত্রীর স্বাক্ষর প্রয়োজন হবে।

**অধ্যাদেশ প্রণয়ন ক্ষমতা ও কার্যাবলি:** যখন জাতীয় সংসদ অধিবেশনে থাকবে না তখন যদি জাতীয় স্বার্থ বিঘ্নিত হবার মতো পরিস্থিতির উদ্ভব হয় তাহলে রাষ্ট্রপতি তাঁর বিবেচনামত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য 'অধ্যাদেশ' প্রণয়ন ও জারি করতে পারবেন।

**অর্থসংক্রান্ত ক্ষমতা ও কার্যাবলি:** রাষ্ট্রপতির সুপারিশ ব্যতীত কোনো অর্থবিল বা সরকারি অর্থব্যয়ের প্রশ্ন জড়িত কোনো বিল জাতীয় সংসদে উত্থাপন করা যাবে না। রাষ্ট্রপতির সুপারিশ ব্যতীত কোনো মঞ্জুরি দাবি করা যাবে না। বিশেষ প্রয়োজনে রাষ্ট্রপতি সংযুক্ত তহবিল হতে ব্যয় নির্বাহের ব্যবস্থা করতে পারবেন।

**বিচারসংক্রান্ত ক্ষমতা ও কার্যাবলি:** সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতি রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হবেন। প্রধান বিচারপতির সাথে পরামর্শক্রমে তিনি অন্যান্য বিচারপতিদেরকে নিয়োগ প্রদান করবেন। রাষ্ট্রপতি কোনো আদালত, ট্রাইব্যুনাল বা অন্য কোনো কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত যে কোনো দণ্ডের মার্জনা, বিলম্ব ও বিরাম মঞ্জুর করার এবং যেকোনো দণ্ড মওকুফ, স্থগিত বা হ্রাস করতে পারবেন।

**সংসদ ভেঙ্গে দেবার ক্ষমতা:** সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের সমর্থন হারালে প্রধানমন্ত্রী পদত্যাগ করবেন কিংবা সংসদ ভেঙ্গে দেবার জন্য লিখিতভাবে রাষ্ট্রপতিকে পরামর্শদান করবেন। প্রধানমন্ত্রী অনুরূপ পরামর্শদান করলে রাষ্ট্রপতি, অন্য কোনো সংসদ সদস্য সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের আস্থাভাজন নন এ মর্মে সন্তুষ্ট হলে, সংসদ ভেঙ্গে দিবেন।

### রাষ্ট্রপতি যাদের নিয়োগ দেন

| | |
|---|---|
| ০১ | প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী। |
| ০২ | প্রধান বিচারপতি |
| ০৩ | সুপ্রিম কোর্টের আপিল ও হাইকোর্ট বিভাগের বিচারপতি |
| ০৪ | প্রধান নির্বাচন কমিশনার ও কমিশনারগণ |
| ০৫ | মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক |
| ০৬ | পিএসসির চেয়ারম্যান ও সদস্য |
| ০৭ | পাবলিক বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর |
| ০৮ | এটর্নি জেনারেল |
| ০৯ | বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান |
| ১০ | বাংলাদেশ সেনা, বিমান ও নৌবাহিনীর প্রধান। |
| ১১ | প্রধান তথ্য কমিশনার ও কমিশনারগণ |
| ১২ | মানবাধিকার কমিশনের চেয়ারম্যান ও সদস্যগণ |
| ১৩ | জুডিশিয়াল সার্ভিস কমিশনের চেয়ারম্যান, আইন কমিশনের চেয়ারম্যান। |

### রাষ্ট্রপতি পদাধিকারবলে প্রধান

| | |
|---|---|
| ০১ | বাংলাদেশ সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক |
| ০২ | পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর |
| ০৩ | বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি |
| ০৪ | বাংলাদেশ স্কাউট |
| ০৫ | এশিয়াটিক সোসাইটি |

## প্রধানমন্ত্রী

বাংলাদেশের প্রধানমন্ত্রী সরকার প্রধান। তিনি প্রধান নির্বাহী কর্মকর্তা। প্রধানমন্ত্রী সংসদ নেতা, মন্ত্রিসভার প্রধান, তিনিই সকল মন্ত্রী পছন্দ করে মন্ত্রিসভা গঠন করেন। প্রধানমন্ত্রী যেকোনো মন্ত্রীকে পদত্যাগ করতে বলতে পারেন। প্রধানমন্ত্রী পদত্যাগ করলে বা সংসদের আস্থা হারালে সরকারের পতন ঘটে। প্রধানমন্ত্রীকে কেন্দ্র করে শাসন ব্যবস্থা পরিচালিত হয়।

সংসদীয় ব্যবস্থার অধীনে বাংলাদেশের প্রধানমন্ত্রীর পদমর্যাদা অনেক উপরে। প্রধানমন্ত্রী রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হলেও রাষ্ট্রপতি প্রধানমন্ত্রীর পরামর্শ অনুযায়ী কাজ করেন। প্রধানমন্ত্রী মন্ত্রিসভার মূলস্তম্ভ। প্রধানমন্ত্রীকে কেন্দ্র করে শাসন ক্ষমতা পরিচালিত হয়। তিনি অনেক সম্মানজনক পদমর্যাদার অধিকারী। সংবিধান অনুযায়ী প্রধানমন্ত্রী তাঁর শাসন পরিচালনার জন্য সংসদের কাছে জবাবদিহি করেন।

প্রধানমন্ত্রী নির্বাহী ক্ষমতার মধ্যমণি। তাঁকে কেন্দ্র করেই বাংলাদেশের শাসনব্যবস্থা পরিচালিত হয়। প্রধানমন্ত্রীই প্রজাতন্ত্রের নির্বাহী ক্ষমতার অধিকারী। সংবিধানের ৫৫(২) অনুচ্ছেদে বলা হয়েছে যে, "প্রধানমন্ত্রী কর্তৃক বা তার কর্তৃত্বে এ সংবিধান অনুযায়ী প্রজাতন্ত্রের নির্বাহী ক্ষমতা প্রযুক্ত হবে।" প্রধানমন্ত্রীর ন্যূনতম বয়স হবে ২৫ বছর।

### নিয়োগ পদ্ধতি:

যে সংসদ-সদস্য সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের আস্থাভাজন বলে রাষ্ট্রপতির নিকট প্রতীয়মান হবেন, রাষ্ট্রপতি তাঁকে প্রধানমন্ত্রী নিয়োগ করবেন। তবে এক্ষেত্রে রাষ্ট্রপতির ক্ষমতা সীমাবদ্ধ। কেননা সংসদীয় রীতি অনুযায়ী সাধারণ নির্বাচনের পর জাতীয় সংসদের সংখ্যাগরিষ্ঠ দলের 'সংসদীয় নেতাকেই' (Parliamentary leader) রাষ্ট্রপতি সংসদের আস্থাভাজন সদস্য বলে মনে করবেন। তবে যদি কোনো দল সংখ্যাগরিষ্ঠতা অর্জন করতে ব্যর্থ হয় তখন 'সংখ্যাগরিষ্ঠ সদস্যের আস্থাভাজন ব্যক্তি' খুঁজে বের করার ক্ষেত্রে রাষ্ট্রপতি তাঁর সংবিধান প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করতে পারবেন।

**প্রধানমন্ত্রীর পদের মেয়াদ:** সংবিধান অনুযায়ী প্রধানমন্ত্রীর পদ শূন্য হবে, যদি-

১. তিনি কোনো সময়ে রাষ্ট্রপতির নিকট পদত্যাগপত্র প্রদান করেন,
২. তিনি সংসদ সদস্য না থাকেন,

৩. সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের সমর্থন হারালে প্রধানমন্ত্রী পদত্যাগ করবেন কিংবা সংসদ ভেঙ্গে দেবার জন্য লিখিতভাবে রাষ্ট্রপতিকে পরামর্শ দান করবেন। তিনি অনুরূপ পরামর্শ দান করলে রাষ্ট্রপতি অন্য কোনো সংসদ সদস্য সংসদের সংখ্যাগরিষ্ঠ সদস্যের আস্থাভাজন নন এ মর্মে সন্তুষ্ট হলে সংসদ ভেঙ্গে দিবেন।

৪. প্রধানমন্ত্রীর উত্তরাধিকারী কার্যভার গ্রহণ না করা পর্যন্ত প্রধানমন্ত্রী স্বীয় পদে বহাল থাকবেন।

## গ. প্রধানমন্ত্রীর ক্ষমতা, কার্যাবলি ও মর্যাদা:

সংবিধান অনুযায়ী প্রধানমন্ত্রী হলেন সরকার প্রধান। তিনি হলেন সমগ্র শাসন ব্যবস্থার মধ্যমণি। তাঁর ক্ষমতা ও কার্যাবলি নিম্নরূপ:

১. মন্ত্রিসভার গঠন।
২. ক্যাবিনেট তোরণের প্রধান স্তম্ভ [keystone of the cabinet arch]
৩. জাতীয় সংসদ নেতা।
৪. রাষ্ট্রপতির পরামর্শদাতা।
৫. জাতির মুখপাত্র।
৬. আইন প্রণয়ন।
৭. আর্থিক কার্যাবলী।

## প্রধানমন্ত্রীর পদমর্যাদা:

সংবিধানের ৫৫ (২) অনুচ্ছেদ অনুযায়ী প্রধানমন্ত্রী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মূখ্য নির্বাহী। তিনি হলেন 'এমন একটি সূর্য যার চারদিকে রাজনৈতিক গ্রহগুলো আবর্তিত হয়।'

### প্রধানমন্ত্রী পদাধিকারবলে প্রধান

| ক্র. | বিবরণ |
|---|---|
| ০১ | জাতীয় অর্থনৈতিক পরিষদ নির্বাহী কমিটি (ECNEC) |
| ০২ | জাতীয় অর্থনৈতিক পরিষদ (NEC) |
| ০৩ | জাতীয় প্রশাসন পুনর্গঠন/সংস্কার/ বাস্তবায়ন কমিটি (NICAR) |
| ০৪ | বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ |
| ০৫ | বাংলাদেশ বিনিয়োগ বোর্ড |
| ০৬ | জাতীয় পরিবেশ কমিটি |
| ০৭ | রপ্তানি সংক্রান্ত জাতীয় কমিটি |
| ০৮ | জাতীয় পর্যটন পরিষদ |
| ০৯ | জাতীয় মহিলা ও শিশু উন্নয়ন পরিষদ |

⇒ **টেকনোক্র্যাট মন্ত্রী:** সংসদ সদস্যদের বাইরে থেকে প্রধানমন্ত্রী যে মন্ত্রীদের নিয়োগ প্রদান করেন তাদের টেকনোক্র্যাট মন্ত্রী বলে। সংবিধানের ৫৬(২) অনুচ্ছেদ অনুযায়ী সর্বোচ্চ এক-দশমাংশ বা ১০% সংসদ সদস্য নির্বাচিত হবার যোগ্য ব্যক্তিদের মধ্যে থেকে মনোনিত করা যাবে।



## এক কথায় উত্তর

**১. বাংলাদেশের প্রথম রাষ্ট্রপতির নাম কী?**
**উত্তর:** শেখ মুজিবুর রহমান।

**২. প্রধানমন্ত্রী নিয়োগের বাইরে রাষ্ট্রপতি প্রধানমন্ত্রীর পরামর্শ ব্যতীত কোন কাজ এককভাবে করতে পারেন?**
**উত্তর:** প্রধান বিচারপতি নিয়োগ।

**৩. বাংলাদেশের প্রধানমন্ত্রী হওয়ার জন্য ন্যূনতম বয়স কত?**
**উত্তর:** ২৫ বছর।

**৪. মহামান্য রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বাংলাদেশের কততম?**
**উত্তর:** ২২তম রাষ্ট্রপতি।

**৫. বাংলাদেশে কার উপর আদালতের এখতিয়ার নেই?**
**উত্তর:** রাষ্ট্রপতি।

**৬. সংসদ সদস্যের বাইরে থেকে সর্বোচ্চ কতজনকে টেকনোক্র্যাট মন্ত্রী হিসেবে নিয়োগ দেয়া যাবে?**
**উত্তর:** এক-দশমাংশ বা ১০%।

**৭. বাংলাদেশ বিনিয়োগ বোর্ডের প্রধান কে?**
**উত্তর:** প্রধানমন্ত্রী।

**৮. জাতীয় মহিলা ও শিশু উন্নয়ন পরিষদের চেয়ারম্যান কে?**
**উত্তর:** প্রধানমন্ত্রী।

**৯. প্রধানমন্ত্রীকে শপথ বাক্য পাঠ করান কে?**
**উত্তর:** রাষ্ট্রপতি।

**১০. মন্ত্রিপরিষদের সভায় সভাপতিত্ব করেন কে?**
**উত্তর:** প্রধানমন্ত্রী।

**১১. *Key Stone of Cabinet arch* বলা হয় কাকে?**
**উত্তর:** প্রধানমন্ত্রী।

**১২. বাংলাদেশ এশিয়াটিক সোসাইটির প্রধান কে?**
**উত্তর:** রাষ্ট্রপতি।

**১৩. বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির প্রধান কে?**
**উত্তর:** রাষ্ট্রপতি।

**১৪. জুডিসিয়াল সার্ভিস কমিশনের চেয়ারম্যান ও আইন কমিশনের চেয়ারম্যানকে নিয়োগ দেন কে?**
**উত্তর:** রাষ্ট্রপতি।

**১৫. বাংলাদেশে *Constitutional Head* কে?**
**উত্তর:** রাষ্ট্রপতি।

**১৬. বাংলাদেশে রাষ্ট্রপতি সর্বোচ্চ কত বছর ক্ষমতায় থাকতে পারে?**
**উত্তর:** সর্বোচ্চ ২ মেয়াদ অর্থাৎ ১০ বছর।

**১৭. বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী কে ছিলেন?**
**উত্তর:** তাজউদ্দীন আহমদ।

**১৮. 'সরকার' রাষ্ট্র গঠনের কত তম উপাদান?**
**উত্তর:** তৃতীয় উপাদান।

**১৯. বাংলাদেশের রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ার জন্য একজন ব্যক্তির বয়স কমপক্ষে কত হওয়া দরকার?**
**উত্তর:** ৩৫ বছর হতে হবে।

**২০. রাষ্ট্র কতটি উপাদান নিয়ে গঠিত?**
**উত্তর:** ৪টি।

**২১. বাংলাদেশের রাষ্ট্রপতির সরকারি বাসভবনের নাম কী?**
**উত্তর:** বঙ্গভবন।

**২২. বাংলাদেশের বর্তমান সরকার প্রধান কে?**
**উত্তর:** প্রধানমন্ত্রী।

**২৩. বাংলাদেশের সুপ্রীম কোর্টের প্রধান বিচারপতিকে নিয়োগ দান করেন কে?**
**উত্তর:** প্রেসিডেন্ট।

**২৪. বাংলাদেশের পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান ও সদস্যদেরকে মনোনীত করেন কে?**
**উত্তর:** রাষ্ট্রপতি।

**২৫. বাংলাদেশের জাতীয় সংসদের অধিবেশন আহ্বান করেন কে?**
**উত্তর:** রাষ্ট্রপতি।

**২৬. রাষ্ট্রপতির শপথ অনুষ্ঠান পরিচালনা করেন কে?**
**উত্তর:** স্পিকার।

**২৭. বাংলাদেশের প্রজাতন্ত্রের নির্বাহী ক্ষমতা কার কর্তৃত্বে প্রযুক্ত হয়?**
**উত্তর:** প্রধানমন্ত্রী।

**২৮. বাংলাদেশের ন্যাশনাল ট্যুরিজম কাউন্সিলের চেয়ারম্যান কে?**
**উত্তর:** প্রধানমন্ত্রী।



## Teacher's Work

১. **বাংলাদেশ জাতীয় সংসদের প্রথম সংসদ নেতা কে?** *[৪১তম বিসিএস]*
ⓚ শেখ মুজিবুর রহমান ⓛ মোহাম্মদ উল্লাহ ⓜ তাজউদ্দীন আহমদ ⓝ এম মনসুর আলী — ক

২. **বাংলাদেশের প্রধানমন্ত্রীকে শপথ বাক্য পাঠ করান-**
ⓚ রাষ্ট্রপতি ⓛ স্পিকার ⓜ প্রধান বিচারপতি ⓝ প্রধান নির্বাচন কমিশনার — ক

৩. **বাংলাদেশের ন্যাশনাল ট্যুরিজম কাউন্সিলের চেয়ারম্যান কে?**
ⓚ রাষ্ট্রপতি ⓛ প্রধানমন্ত্রী ⓜ স্পিকার ⓝ কোনোটিই নয় — খ

# ৩ বিচার বিভাগ

সমাজে ন্যায়বিচার প্রতিষ্ঠা করা রাষ্ট্রের অন্যতম দায়িত্ব। সরকারের যে বিভাগ আইন অনুসারে বিচার কাজ পরিচালনা করে থাকে তাকে বিচার বিভাগ বলে। আইন ভঙ্গকারীকে শাস্তি প্রদান, ন্যায়বিচার প্রতিষ্ঠা, নাগরিকের ব্যক্তি স্বাধীনতা ও মৌলিক অধিকার রক্ষা বহুলাংশে স্বাধীন ও নিরপেক্ষ বিচার ব্যবস্থার উপর নির্ভরশীল। রাষ্ট্রের সকল আদালত এবং বিচারপতিদের নিয়ে বিচার বিভাগ গঠিত হয়। নির্বাহী বিভাগ থেকে বিচার বিভাগ আলাদা করা হয়েছে ১ নভেম্বর ২০০৭। এটি বাংলাদেশের অন্যতম একটি সাংবিধানিক সংস্থা। প্রজাতন্ত্রের আইনসভা কর্তৃক প্রণীত আইন অনুসারে ন্যায় বিচার করাই বিচার বিভাগের প্রধান কাজ। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ষষ্ঠ ভাগের ৯৪ থেকে ১১৭ নং অনুচ্ছেদে বিচার বিভাগ সম্পর্কে আলোচনা করা হয়েছে।

## সুপ্রীম কোর্ট

বাংলাদেশের সংবিধানের ষষ্ঠভাগে বিচার বিভাগ এর কথা বলা হয়েছে। সুপ্রীম কোর্ট প্রতিষ্ঠা সম্পর্কে সংবিধানের ৯৪ নং অনুচ্ছেদে উল্লেখ আছে। বিচার বিভাগ সরকারের গুরুত্বপূর্ণ একটি বিভাগ। বিচার বিভাগ দেশের বিভিন্ন বিচারালয়ের বিচারপতিদের সমন্বয়ে সংগঠিত। রাষ্ট্রের সুশাসন অনেকাংশে বিচার-ব্যবস্থার উৎকর্ষের উপর নির্ভরশীল। আইন পরিষদ কর্তৃক প্রণীত আইন অনুসারে বিচার বিভাগ কার্য পরিচালনা করে থাকে। সুপ্রীমকোর্ট ও অধস্তন আদালতসমূহ নিয়ে বিচার বিভাগ গঠিত।

### ⇒ সুপ্রীম কোর্ট গঠন

বাংলাদেশের সংবিধানের ৯৪ (১) অনুচ্ছেদে সুপ্রীম কোর্ট প্রতিষ্ঠার কথা বলা হয়েছে। সুপ্রীম কোর্টের দুটি ভাগ রয়েছে। যথা :

১. আপীল বিভাগ
২. হাইকোর্ট বিভাগ

বাংলাদেশের সংবিধানের ৯৪(২) অনুচ্ছেদ অনুযায়ী, প্রধান বিচারপতি এবং প্রত্যেক বিভাগে আসন গ্রহণের জন্য যেরূপ সংখ্যক বিচারক নিয়োগের প্রয়োজন বোধ করবেন, সেরূপ সংখ্যক অন্যান্য বিচারক নিয়ে সুপ্রীম কোর্ট গঠিত হবে।

### ⇒ অধস্তন আদালত

অধস্তন আদালত সম্পর্কে সংবিধানের ১১৪ নং অনুচ্ছেদে উল্লেখ আছে।

১. জেলা আদালতের প্রধান বিচারক- জেলা জজ।
২. জেলা জজ যখন ফৌজদারি মামলা পরিচালনা করেন তখন তাকে বলে- সেশন জজ।
৩. জেলা আদালতগুলো যে ধরনের মামলা পরিচালনা করেন- দেওয়ানি ও ফৌজদারি।
৪. দেওয়ানি আদালতসমূহ যে আদালত হিসেবে পরিচালিত- অধস্তন আদালত।
৫. দেওয়ানি আদালত গঠিত *The civil courts Act*- ১৮৮৭ আইন দ্বারা।

### ⇒ আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল

১. যুদ্ধাপরাধের বিচারের লক্ষ্যে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ গঠন করা হয় : ২৫ মার্চ ২০১০।
২. সরকার যে আইনের অধীনে এ ট্রাইব্যুনাল গঠন করে : আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনাল) অ্যাক্ট ১৯৭৩ এর ১৯ এর ৬ নং সেকশনের প্রদত্ত ক্ষমতাবলে।
৩. যুদ্ধাপরাধের মামলায় প্রথম রায় হয়: আবুল কালাম আজাদ (বাচ্চু রাজাকার) ২১ জানুয়ারি ২০১৩।
৪. যুদ্ধাপরাধের মামলায় প্রথম ফাঁসি কার্যকর হয়: কাদের মোল্লা (১৩ ডিসেম্বর ২০১৩)।
৫. এ পর্যন্ত ৬ জন যুদ্ধাপরাধির ফাঁসি কার্যকর হয়।

### ⇒ গ্রাম আদালত

১. বিচার বিভাগীয় কাঠামোর সর্বনিম্নে ইউনিয়ন পর্যায়ে গ্রাম আদালত আছে।
২. মোট ৫ জন সদস্য নিয়ে গ্রাম আদালত গঠিত।
৩. দেওয়ানি ও ফৌজদারী দণ্ড সংক্রান্ত ছোট খাট বিচারের নিষ্পত্তি গ্রাম আদালতে হয়। (গ্রাম আদালত আইন-২০০৬)

### ⇒ প্রশাসনিক ট্রাইব্যুনাল

১. বাংলাদেশের সংবিধানের ১১৭ নং অনুচ্ছেদ অনুযায়ী কোন কোন ক্ষেত্রে প্রশাসনিক ট্রাইব্যুনাল গঠন করা হয়।
২. ঢাকায় একটি প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল আছে।

### ⇒ পারিবারিক আদালত

১. ১৯৮৫ সালে পারিবারিক আদালত অধ্যাদেশ জারির মাধ্যমে পারিবারিক আদালত সৃষ্টি হয়।
২. পারিবারিক আদালত বিবাহ বিচ্ছেদ, দাম্পত্য অধিকার পুনরুদ্ধার, মোহরানা, ভরণ পোষণ, অভিভাবকত্ব ও শিশুদের তত্ত্বাবধান সংক্রান্ত মামলা ইত্যাদি পরিচালনা করে।

## বিচার বিভাগ পৃথকীকরণ

| | |
|---|---|
| স্বাধীন বিচার বিভাগ যাত্রা শুরু করে | ১ নভেম্বর, ২০০৭ |
| বিচার বিভাগ পৃথকীকরণের জন্য মামলা করা হয় | ১৯ নভেম্বর, ১৯৯৫ |
